



'মাদক দ্রব্যের অপব্যবহার ও অবৈধ পচার বিরোধী আন্তর্জাতিক দিনস' ২৬ জুন ০৬ উপলক্ষে 'বডার' অফিস প্রাঙ্গণে মাদকমুক্ত ও স্থানীয় যুবসমাজের সাথে আলোচনা সভা

ভবিষ্যৎ পরিকল্পনা

- মাদকাসক্তদের অধিক সেবা প্রদানের জন্য স্থায়ী 'ডিটক্সিফিকেশন ক্যাম্প' স্থাপন করা এবং এ কার্যক্রমকে সারাদেশে সম্প্রসারিত করা।
- মাদক, এইচআইভি/এইডস বিষয়ে উন্নত ও মানসম্পন্ন সার্বক্ষণিক পরামর্শ কেন্দ্র পরিচালনা।
- 'বডার' সদস্যদের জন্য আয়বৃদ্ধিমূলক পুনর্বাসন কার্যক্রম গ্রহণ করা।

বডারের সামর্থ

- মাদকাসক্তদের চিকিৎসা প্রদানের ক্ষেত্রে একমাত্র বডারেরই রয়েছে বাস্তব-জীবনের ও কাজের মাধ্যমে অর্জিত অভিজ্ঞতা-যা আমাদের অন্যতম শক্তি।
- 'বডার' যেমন বুঝে মাদকমুক্তদের সমস্যা, তেমনি বুঝে মাদকাসক্তদের সমস্যা। তাই মাদক ও এইচআইভি বিষয়ে বডারের কাউন্সিলরদের কাউন্সিলিং অনেক বেশী কার্যকরী।
- কেয়ার, হাসাব এর মত স্বচ্ছ ও দক্ষ সংস্থার সাথে কাজ করার অভিজ্ঞতা বডারকে সাংগঠনিকভাবে করেছে শক্তিশালী।
- সর্বোপরি বডারের রয়েছে এক বাক নিবেদিত কর্মী- যারা কাজকেই দেখেন সবচেয়ে বড় করে।

মাদকমুক্তদের মুগ্ধশ্রাম আপনার অহযোগিতা প্রয়োজন

বর্তমান সহযোগী সংস্থাসমূহঃ

- প্রিসেপ প্রজেক্ট, হাসাব।
- এইচআইভি প্রোগ্রাম, কেয়ার বাংলাদেশ।



অর্গানাইজেশন অব বাংলাদেশ
ড্রাগ এ্যাডিক্ট রিহাবিলিটেশন (বডার)
১০/২, সেনপাড়া, পর্বতা, মিরপুর-১০, ঢাকা-১২১৬



অর্গানাইজেশন অব বাংলাদেশ
ড্রাগ এ্যাডিক্ট রিহাবিলিটেশন (বডার)

বডার; বেভাবে শুরু

জীবনের সবচেয়ে বড় ভুল- মাদক গ্রহণ। মাদকাসক্ত হয়ে যখন আমরা ধ্বংস হতে বসেছিলাম, তখন বিভিন্ন সাহায্য সংস্থা আমাদের রাস্তা থেকে তুলে এনে চিকিৎসা দিয়ে মাদকমুক্ত হতে সাহায্য করেন। আমরা ফিরে পাই নতুন জীবন। কিন্তু পরিবার ও সমাজের সন্দেহ আর অস্থিরতার কারণে হতাশা আর একাকিত্ব হয় সাথী। এই বিচ্ছিন্নতা আমাদের আবার নেশার অন্ধকার পথে ফিরে যেতে উৎসাহ দেয়। সেই কালো থাবা থেকে বাঁচার জন্য পরস্পরকে সহায়তার লক্ষ্যে আমরা ২০০১ সালে গড়ে তুলি 'অর্গানাইজেশন অব বাংলাদেশ ড্রাগ এডিক্ট রিহাবিলিটেশন (বডার)' নামের স্ব-উদ্যোগী দল।



'বডার' একটি অরাজনৈতিক সেচ্ছাসেবী, সামাজিক ও মানবিক উন্নয়নমূলক সংগঠন হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ২০০২ সালে নিবন্ধিত (নিবন্ধন নং ট-০৭০২২)।

লক্ষ্য

মাদকমুক্তদের সুস্থ জীবনযাপনে সহায়তা করা এবং এইচআইভি/এইডস ও মাদক বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির মাধ্যমে সমাজে এগুলোর ঝুঁকি হ্রাস করা।

উদ্দেশ্য

- বডার সদস্যরা যেন পুনরায় নেশায় ফিরে না যায় তার জন্য পরস্পরকে সহায়তা প্রদান।
- পরিবার ও সমাজে সদস্যদের অবস্থান ও অধিকার পুনঃপ্রতিষ্ঠায় কার্যক্রম গ্রহণ করা।
- মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসনের জন্য মাদক নিরাময় কেন্দ্র পরিচালনা ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণ করা।
- এইচআইভি ও মাদক বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা-সমাবেশ, র্যালী প্রভৃতির আয়োজন ও অংশগ্রহণ করা।

বডারের বর্তমান কার্যক্রমসমূহ

ডিটক্স ক্যাম্প পরিচালনা : কেয়ার বাংলাদেশের এইচআইভি প্রোগ্রামের সহায়তায় 'বডার' সদস্যরা ২০০০ সাল থেকে মাদকাসক্তদের চিকিৎসার জন্য 'ডিটক্স ক্যাম্প' পরিচালনা করে আসছে। ক্যাম্পগুলো বাংলাদেশ সরকারের মাদক নিরাময় কেন্দ্র অনুসরণে ১৪ দিনের আবাসিক ব্যবস্থায় পরিচালিত। জুন'০৬ পর্যন্ত ২টি মহিলা ও ৪টি এইচআইভি পজিটিভদেরসহ 'বডার' মোট ৬৬ টি ক্যাম্প পরিচালনা করে।



কাউন্সিলিং : ডিটক্স পূর্ব এবং ডিটক্স পরবর্তী সমস্যা থেকে উত্তরণে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে 'বডার' নিয়মিত কাউন্সিলিং সেবা প্রদান করে যাচ্ছে। এই সেবা মাদকাসক্ত, মাদকমুক্ত ও তাদের পরিবারের

সদস্যদের জন্য দেয়া হয়ে থাকে। বডারের কাউন্সিলারদের দক্ষতা বৃদ্ধির জন্য কেয়ার ও হাসাব প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করছে।

পুনর্বাসন : 'বডার' তার সদস্যদের সামাজিক পুনর্বাসনের জন্য সদস্যদের পরিবার ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সাথে আলোচনা ও ফলোআপ করে আসছে। তাছাড়া বিভিন্ন সংস্থায় ও পূর্বের কর্মক্ষেত্রে সদস্যদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এতে করে, কর্মব্যস্ততার মাধ্যমে সদস্যরা মাদকমুক্ত থাকতে পারছে।

এইচআইভি, মানবাধিকার ও জেডার সচেতনতা : হাসাবের গ্রিসেপ প্রাজেক্টের সহায়তায় 'বডার' এইচআইভি, মানবাধিকার ও জেডার বিষয়ে কাজ করে যাচ্ছে। মাদক বা এইচআইভি/এইডস-এর কারণে সমাজে পেশা, লিঙ্গ প্রভৃতি ভেদে বৈষম্য সৃষ্টির মাধ্যমে একজনের মানবিক ও রাস্ত্রীয় অধিকার যাতে বিঘ্নিত না হয় তার লক্ষ্যে 'বডার' বিভিন্ন সরকারী ও বেসরকারী সংস্থার সাথে কাজ করে যাচ্ছে।

গণসচেতনতা সৃষ্টি : মাদক ও এইচআইভি সম্পর্কে সামাজিক সচেতনতা সৃষ্টিতে 'বডার' বিভিন্ন সভা-সমাবেশ, আলোচনা-সভা, র্যালী প্রভৃতির আয়োজন করে যাচ্ছে। পাশাপাশি মাদক, এইচআইভি, মানবাধিকার ও জেডার বিষয়ে জাতীয়ভাবে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে সদস্যরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করে যাচ্ছে।

এসব নিয়মিত কার্যক্রমের পাশাপাশি 'বডার' সদস্যরা সামাজিক প্রয়োজনে সকল প্রকার উন্নয়ন কর্মকাণ্ডে নিজেদেরকে সম্পৃক্ত করছে। 'বডার' আইসিডিআর'বি পরিচালিত জাতীয় এইচআইভি/এইডস সেরোসার্ভিলেন্সেও সক্রিয় অংশগ্রহণ করে আসছে।